# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১২. নারীদের জন্য বৈধ যে, তারা চাঁদ অদৃশ্য হলে দুর্বলদের সাথে মুযদালিফা ত্যাগ করবে:

নারীরা ভিড় এড়ানোর জন্য মিনায় পৌঁছে জামরাহ আকাবায় কঙ্কর নিক্ষেপ করবে। ইবন কুদামাহ ‘আল-মুগনি’: (৫/২৮৬) গ্রন্থে বলেন: নারী ও দুর্বলদের মিনায় আগে পাঠিয়ে দেওয়া দোষণীয় নয়। আব্দুর রহমান ইবন ‘আউফ ও ‘আয়েশা দুর্বলদের আগে পাঠিয়ে দিতেন। এ কথাই বলেছেন: ‘আতা, সাউর, শাফে‘ঈ, আবু সউর ও আসহাবে রায়গণ। এ মাস‘আলায় আমরা কোনো দ্বিমত জানি না। দ্বিতীয়ত এভাবে তাদের ওপর সহানুভূতি হয়, তাদের থেকে ভিড়ের কষ্ট দূর করা হয় ও তাদের নবীর আনুগত্য হয়। সমাপ্ত।

ইমাম শাওকানী  রহ. ‘নাইলুল আওতার’: (৫/৭০) গ্রন্থে বলেন: দলীলের দাবি হচ্ছে, যাদের ছাড় নেই তাদের কঙ্কর নিক্ষেপ করার সময় সূর্য উদিত হওয়ার পর, যাদের ছাড় রয়েছে যেমন নারী ও অন্যান্য দুর্বল, তাদের জন্য সূর্য উদয়ের পূর্বে কঙ্কর নিক্ষেপ করা বৈধ”। সমাপ্ত।

ইমাম নাওয়াওয়ী রহ. ‘আল-মাজমু’: (৮/১২৫) গ্রন্থে বলেন: শাফে‘ঈ ও তার সাথীগণ বলেছেন: নারী ও অন্যান্য দুর্বলদের অর্ধ রাতের পর ও সূর্য উদিত হওয়ার পূর্বে মিনায় পাঠিয়ে দেওয়া সুন্নত, যেন তারা ভিড়ের আগেই কঙ্কর নিক্ষেপ করতে সক্ষম হয়। অতঃপর তিনি এ কথার স্বপক্ষে একাধিক হাদীস উল্লেখ করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14725

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন